

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা
www.matiranga.khagrachhari.gov.bd

স্মারক নং: ০৫.৪২.৪৬৭০.০০০.৯৯.০১৬.২৩-৭৫৬;

তারিখ: ১৬ মার্চ ২০২৩ খ্রি.

(গণ-বিজ্ঞপ্তি)

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০-এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি নুসরাত ফাতেমা চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা ও রিটার্নিং অফিসার, উপজেলা কমান্ড, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩ এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪/০৩/২০২৩ তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে;

ক) ভোটের তালিকা প্রকাশ:

ক্রমিক	বিবরণ	সময়কাল
১.	খসড়া ভোটের তালিকা প্রকাশ	: ১৯/০৩/২০২৩ (রবিবার)
২.	খসড়া ভোটের তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	: ২২/০৩/২০২৩ (বুধবার)
৩.	দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	: ২৮/০৩/২০২৩ (মঙ্গলবার)
৪.	চূড়ান্ত ভোটের তালিকা প্রকাশ	: ০২/০৪/২০২৩ (রবিবার)

খ) নির্বাচনী তফসিল:


ক্রমিক	বিবরণ	সময়কাল
১.	মনোনয়নপত্র দাখিলের তারিখ	: ০৫/০৪/২০২৩ (বুধবার)
২.	মনোনয়নপত্র বাছাই	: ০৯/০৪/২০২৩ (রবিবার)
৩.	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ	: ১১/০৪/২০২৩ (মঙ্গলবার)
৪.	আপিল নিষ্পত্তির তারিখ	: ১৩/০৪/২০২৩ (বৃহস্পতিবার)
৫.	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	: ১৬/০৪/২০২৩ (রবিবার)
৬.	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	: ১৭/০৪/২০২৩ (সোমবার)
৭.	প্রতীক/ব্যালট নম্বর প্রদানের তারিখ	: ১৮/০৪/২০২৩ (মঙ্গলবার)
৮.	ভোট গ্রহণের তারিখ	: ১৩/০৫/২০২৩ (শনিবার)

ভোট গ্রহণ সময়সীমা: বিরতিহীনভাবে সকাল ০৯.০০টা হতে বিকাল ০৪.০০টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে

২। নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩/০৫/২০২৩ তারিখ সকাল ০৯:০০ ঘটিকা হইতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে উপজেলা নির্বাহী অফিসার এবং রিটার্নিং অফিসারের কার্যালয়, উপজেলা কমান্ড নির্বাচন, মাটিরাঙ্গা এ মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যম অনুষ্ঠিত হইবে।

তারিখ: ১ ৬ দিন ০ ৩ মাস ২ ০ ২ ৩ বৎসর


নুসরাত ফাতেমা চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা

ও
রিটার্নিং অফিসার

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩
মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা

নির্বাচনি এলাকার নাম: মাটিরাঙ্গা উপজেলা।